

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ
(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট)
ব্যাংকার-এসএমই নারী উদ্যোক্তা সমাবেশ ও পণ্য প্রদর্শনী মেলা-২০১৭ অনুষ্ঠিত

বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবসকে সামনে রেখে ঢাকার বেইলী রোডস্থ বাংলাদেশ মহিলা সমিতির আনন্দ অঙ্গন চত্বরে ০৬-১১ মার্চ ২০১৭ পর্যন্ত ৬ দিন ব্যাপী ব্যাংকার-এসএমই নারী উদ্যোক্তা সমাবেশ ও পণ্য প্রদর্শনী মেলা-২০১৭ অনুষ্ঠিত হয়। সমিতির নীলিমা ইব্রাহিম মিলনায়তনে ০৬ মার্চ, ২০১৭ তারিখ মেলার উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মেহের আফরোজ চুমকি, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের মাননীয় গভর্নর জনাব ফজলে কবির, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব নাছিমা বেগম এনডিসি এবং এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ লিমিটেডের চেয়ারম্যান জনাব আনিস এ. খান। বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব সিতাংশু কুমার সুর চৌধুরী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য এবং এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের পক্ষ থেকে মহাব্যবস্থাপক জনাব স্বপন কুমার রায় স্বাগত বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব মোঃ আবদুর রহিম। উদ্বোধনী অনুষ্ঠানে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ এবং ব্যাংক-অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী, নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট প্রধান, নির্বাচিত নারী উদ্যোক্তা সংগঠনসমূহের প্রধান এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।



উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন গভর্নর ফজলে কবির

প্রধান অতিথি জনাব মেহের আফরোজ চুমকি তাঁর বক্তব্যে নারীদেরকে উদ্যোক্তা হিসেবে তৈরি করার জন্য ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, ক্ষুদ্র ও মাঝারি (এমএমই) উদ্যোক্তা খাতে ইতোমধ্যে নারীরা তাঁদের যোগ্যতা প্রমাণ করেছেন। নারী উদ্যোক্তা/ব্যবসায়ীদের ক্ষেত্রে ঋণ খেলাপী হওয়ার নজির নেই বললেই চলে। অর্থনৈতিক অগ্রগতিকে ত্বরান্বিত করতে শিক্ষিত ও উদ্যমী নারী উদ্যোক্তাদের এখন বড় অঙ্কের ঋণ দেওয়ার সময় এসেছে। তিনি আরোও বলেন, নারী-পুরুষের ব্যবসা বাণিজ্যে সমভাবে অংশগ্রহণ ছাড়া দেশকে সামনে এগিয়ে নেওয়া সম্ভব নয়। শিক্ষা ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী না হলে সমাজে নারীদের অবস্থান সুসংহত হয় না। তাই নারী উদ্যোক্তাদের সুযোগ দিতে তাদের জামানতবিহীন আরোও বেশি ঋণ দেওয়ার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব ফজলে কবির জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহ কর্তৃক অনুমোদিত এসডিজি এবং গ্লোবাল রোডম্যাপ-২০৩০ এ নারীর ক্ষমতায়নের প্রতি বিশেষ গুরুত্বারোপের বিষয়টি উল্লেখ করেন। নারী উদ্যোক্তা উন্নয়নের মাধ্যমে নারীর ক্ষমতায়নে বাংলাদেশ ব্যাংক অনেক আগে থেকেই কাজ করছে বিধায় এসডিজির এ লক্ষ্যমাত্রা অর্জনে একধাপ এগিয়ে রয়েছে। একটি চাকরি দেওয়ার চেয়ে একজন উদ্যোক্তা সৃষ্টি করা অর্থনীতির জন্য বেশি কার্যকর বলেও তিনি মন্তব্য করেন। এছাড়া, এসএমই ঋণ দেওয়ার ক্ষেত্রে সেবা খাতের তুলনায় উৎপাদন খাতে ঋণ দিলে দেশে কর্মসংস্থান বৃদ্ধি পাবে বলে উল্লেখ করেন। নারীরা উদ্যোক্তা হলে এসডিজি অর্জন আরো সহজ হবে।

ডেপুটি গভর্নর জনাব সিতাংশু কুমার সুর চৌধুরী তাঁর শুভেচ্ছা বক্তব্যে নারী উদ্যোক্তা উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের কার্যক্রম, এর সফলতা ও ভবিষ্যত উদ্যোগের বিষয়ে আলোকপাত করে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন এবং আর্থিক খাতে প্রবেশগম্যতা বৃদ্ধির মাধ্যমে টেকসই অর্থনৈতিক উন্নয়ন সম্ভব বলে মতামত প্রদান করেন।

অনুষ্ঠানে নারী উদ্যোগ অর্থায়নকে উৎসাহিত করতে প্রধান অতিথি জনাব মেহের আফরোজ চুমকি এবং বিশেষ অতিথি জনাব ফজলে কবির বিভিন্ন ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের ২৪ টি নারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাঝে ৮ কোটি ১০ লক্ষ টাকার ঋণের ডামি চেক প্রকাশ্যে হস্তান্তর করেন।



নারী উদ্যোক্তাদের মধ্যে প্রকাশ্যে ঋণ বিতরণ করছেন প্রধান অতিথি ও বিশেষ অতিথি

অনুষ্ঠানের সভাপতি নির্বাহী পরিচালক জনাব মোঃ আবদুর রহিম ব্যাংকার-এসএমই নারী উদ্যোক্তা সমাবেশ ও পণ্য প্রদর্শনী মেলা-২০১৭ এর প্রধান অতিথি, বিশেষ অতিথি, ডেপুটি গভর্নর মহোদয়সহ অন্যান্য অতিথিগণকে দিকনির্দেশনামূলক গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদানের জন্য ধন্যবাদ জানান। অনুষ্ঠানে যোগদানের মাধ্যমে এই সমাবেশকে সফল করায় বাংলাদেশ ব্যাংক পরিবারের পক্ষ থেকে উপস্থিত সকলের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে নারী উদ্যোক্তা উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সকল ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের প্রতি তিনি আহ্বান জানান।